

বিজিএ/কাস/২০২৩/২২৮

০৪ অক্টোবর, ২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ পোশাক শিল্পের রপ্তানিবাহী কন্টেইনারের ক্ষেত্রে জাহাজের কাট-অফ-টাইম বৃদ্ধিকরণ প্রসঙ্গে।  
সূত্রঃ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বিজ্ঞপ্তি নং-০৭/২০২৩ তারিখঃ ২৬/০৯/২০২৩ইং।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৮/০৯/২০২৩ইং তারিখ নিম্নস্বাক্ষরকারীর নেতৃত্বে বিজিএমইএ'র একটি প্রতিনিধি দল চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সাথে জাহাজের কাট-অফ-টাইম বৃদ্ধিকরণ সহ অন্যান্য বিষয়ে সভা করেন।

উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক শুধুমাত্র রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের রপ্তানি পণ্যবাহী কন্টেইনারের জন্য জাহাজের কাট-অফ-টাইম/গেইট-ইন-টাইম বিদ্যমান সময় থেকে ২৪ ঘন্টা বৃদ্ধি করে সূত্রোক্ত আদেশ জারী করেছে, যা আগামী ২৯/০২/২০২৪ইং তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

প্রয়োজনীয় কার্যার্থে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত আদেশটি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,



ফারুক হাসান

সভাপতি

সংযুক্তিঃ বর্ণনামতে।

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

বাংলাদেশ তৈরি



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ  
পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং-০৭/২০২৩

তারিখ-১৬-০৯-২০২৩ ইং।

বিষয়- পোশাক শিল্পের রপ্তানীবাহী কন্টেইনারের ক্ষেত্রে জাহাজের কাট-অফ-টাইম/গেট-ইন-টাইম শিথিলকরণ অব্যাহত রাখা প্রসঙ্গে।

সূত্র- বিজিএমইএ এর পত্র নং-বিজিএমইএ/চট/পোর্ট/২০২৩/৩৮৪, তারিখ- ১৪ মার্চ, ২০২৩ইং।

১। বন্দরের Container Manual অনুযায়ী রপ্তানী পণ্যের ক্ষেত্রে জাহাজের Cut off Time নিম্নরূপ নির্ধারিত আছে :

দিনের জোয়ারে জাহাজ আগমনের দিন সকাল ৭.৩০ ঘটিকা।  
রাতের জোয়ারে জাহাজ আগমনের দিন রাত ২০.০০ ঘটিকা।

বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ) এর সূত্রোক্ত আবেদনের প্রেক্ষিতে উক্ত Cut off Time/Gate in Time শুধুমাত্র পোশাক শিল্পের রপ্তানী পণ্যবাহী কন্টেইনারের জন্য ২৪ ঘন্টা বৃদ্ধি করে তা নিম্নমতে নির্ধারণ করা গেল :

দিনের জোয়ারে জাহাজ আগমনের দিন সকাল ৭.৩০ ঘটিকা এর পরিবর্তে পরের দিন সকাল ৭.৩০ ঘটিকা।  
রাতের জোয়ারে জাহাজ আগমনের রাত ২০.০০ ঘটিকা এর পরিবর্তে পরের রাত ২০.০০ ঘটিকা।

২। নির্ধারিত সময়ের মধ্যে স্টাফিংকৃত কন্টেইনারের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টেশন কার্যক্রম ও অনুমতি গ্রহণের জন্য দিনের জোয়ারে জাহাজ আগমনের ক্ষেত্রে পরের দিন সকাল ৭.৩০ ঘটিকা হতে আরো  $৬ \frac{১}{২}$  ঘন্টা (বেলা ১৪.০০ ঘটিকা পর্যন্ত) এবং রাতের জোয়ারে জাহাজ আগমনের ক্ষেত্রে পরের রাত ২০.০০ ঘটিকা থেকে আরো ০৪ ঘন্টা (রাত ২৪.০০ টা পর্যন্ত) সময় দেয়া হবে। অতএব, কাট অফ টাইম এর সময়সীমা শেষ হবার পূর্বেই কন্টেইনার স্টাফিং এর কাজ সম্পন্ন হবার সুবিধার্থে মালামাল অগ্রিম স্টাফিং পয়েন্টে পৌঁছানোসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। আরো উল্লেখ্য যে, যথাসময়ে জাহাজ Sailing করার জন্য নির্ধারিত জাহাজ Sailing এর ০৩ ঘন্টা পূর্বে চট্টগ্রাম বন্দরে কন্টেইনার গেট ইন টাইম বা প্রবেশ সময়সীমা শেষ হয়ে যাবে। এই বিষয়ে বিকড়া/অফডকসমূহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

এই আদেশ ০১-১০-২০২৩ইং হতে ২৯-০২-২০২৪ ইং পর্যন্ত বলবৎ থাকবে।

ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা গেল।

স্বাক্ষরিত/-  
পরিচালক (ট্রাফিক)  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং-ডিটি/শিপ/বিজিএমইএ/কাট-অফ-টাইম/২০১৫(অংশ-২)/২২০২ তারিখ-১৬-০৯-২০২৩ইং।

অনুলিপি :-

- ১। ম্যানেজিং ডাইরেক্টর, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা, চট্টগ্রাম এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ২। সকল সদস্য, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ৩। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ৪। পি এ টু চেয়ারম্যান, চবক - চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।

ক্রমশঃ পৃষ্ঠা-২

*Handwritten signature and date: 27/9/23*

CS CamScanner

CS CamScanner